



চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ
E-mail: chapaipbs@gmail.com
web : pbs.chapainawabganj.gov.bd



স্মারক নং-২৭.১২.৭০৬৬.৫৪৬.০১.০০৮.২৩.২০১৬

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ।
০৬ জুন, ২০২৩ খ্রিঃ।

পুনঃ নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শিবগঞ্জ জোনাল অফিসের স্টোরে অবস্থিত ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও ঝড়ে ভাঙা গাছের লাকরি “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে পুনঃ নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আর্থহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	প্রাপ্ত কাঠের পরিমাণ	একক মূল্য (প্রতি কেজি)	মোট মূল্য
০১	ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ(লাকরি)	৫০০০ কেজি		
০২	ঝড়ে ভাঙা গাছের লাকরি	৩২০ কেজি		
			মোটঃ	

কথায় :

শর্তাবলী :

- ০১। সিলমোহরকৃত খাম (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ দাখিল করতে হবে। পুনঃ নিলামের খামে “ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও ঝড়ে ভাঙা গাছের লাকরি” লিখতে হবে। আগামী ১৪.০৬.২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে কোটেশন দাখিল করতে হবে এবং ১৪.০৬.২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকায় দরপত্র খোলা হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
- ০২। নিলাম দরপত্রের খামের উপর অবশ্যই “ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও ঝড়ে ভাঙা গাছের লাকরি” পুনঃ নিলাম কথটি লিখতে হবে। “ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও ঝড়ে ভাঙা গাছের লাকরি” বিপরীতে সর্বোচ্চ দরদাতাকে বিক্রয়াদেশ প্রদান করা হবে।
- ০৩। পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েব সাইট web : pbs.chapainawabganj.gov.bd এ দেখা যাবে।
- ০৪। দরপত্রের সাথে আর্গেস্তিম্যানি হিসেবে উদ্ধৃত মোট মূল্যের উপর ২৫% অর্থ (দরপত্র গৃহীত না হলে ফেরতযোগ্য) “জেনারেল ম্যানেজার, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি” এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক থেকে MICR যুক্ত ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৫। আর্থহী দরদাতাগণ দরপত্র দাখিলের পূর্বে সরকারী ছুটির দিন ব্যতীত যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে সমিতির শিবগঞ্জ জোনাল অফিসে এসে পুনঃ নিলামযোগ্য “ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও ঝড়ে ভাঙা গাছের লাকরি” সমূহ সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।
- ০৬। দরপত্রে উদ্ধৃত দর স্পষ্টাক্ষরে (অংকে ও কথায়) লিখতে হবে, কাটাকাটি/ওভার রাইটিং গ্রহণযোগ্য হবে না। একক দর ও মোট মূল্যে হিসাবের গড়মিল হলে “একক দর” কে Standard ধরে নিলাম দরপত্র বিবেচনা করা হবে।
- ০৭। সর্বোচ্চ দরদাতাকে নিলামকৃত “শিবগঞ্জ জোনাল অফিস স্টোরের ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও ঝড়ে ভাঙা গাছের লাকরি” সমূহ গ্রহণের বিক্রয়াদেশ আদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে নিয়মানুযায়ী উদ্ধৃত মোট মূল্যের উপর ৭.৫% ভ্যাট ও ১০% উৎস কর নগদ অথবা যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে সমিতিতে জমা প্রদান করে নিজ দায়িত্বে ও নিজ খরচে উক্ত “ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও ঝড়ে ভাঙা গাছের লাকরি”ওজন করে গ্রহণ করতে হবে। উল্লেখিত সময়ের মধ্যে মালামাল গ্রহণে ব্যর্থ হলে দরপত্রের সহিত দেয় অর্থ (আর্গেস্তিম্যানি) বাজেয়াপ্ত করা হবে এবং বিক্রয়াদেশ বাতিল করা হবে।
- ০৮। মালামাল সমূহ যেখানে যে অবস্থায় আছে সেই ভিত্তিতে পরিমাপ করে নিতে হবে। এক্ষেত্রে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না।
- ০৯। “ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও ঝড়ে ভাঙা গাছের লাকরি” একবারে গ্রহণ করতে হবে। ধাপে ধাপে গ্রহণ করা যাবে না।
- ১০। দরপত্র দলিলের সাথে অবশ্যই NID ও এক কপি ছবিসহ মোবাইল নম্বর দিতে হবে।
- ১১। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে কিংবা দরপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(প্রকৌ মোঃ ছানোয়ার হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

- ০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বর্ণিত তারিখ ও সময়ে কোটেশন গ্রহণ ও খোলার অনুরোধসহ)।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
- ০৩। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৪। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/গণপূর্ত, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, (এস ও ডি), বাপবিবোর্ড, রাজশাহী।
- ১০। ডিজিএম, সদর-কারিগরী/শিবগঞ্জ/নাচোল/ভোলাহাট জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
- ১১। সহকারী প্রকৌশলী, (এস ও ডি), বাপবিবোর্ড, চাঁপাইনবাবগঞ্জ।
- ১২। এজিএম (ওএন্ডএম), সাহাপাড়া/মহারাজপুর সাব-জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
- ১৩। এজিএম (অর্থ/সঃ সেবা/ওএন্ডএম/ ইএন্ডসি), চাঁপাইনবাবগঞ্জ পবিস।
- ১৪। এজিএম (আইটি), চাঁপাইনবাবগঞ্জ পবিস। (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ১৫। মেসার্স -----।
- ১৬। নোটিশ বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
- ১৭। অফিস কপি/মাস্টার কপি।


০৬.০৬.২৩
(প্রকৌ মোঃ ছানোয়ার হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

